

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন  
বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃ বাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের  
হিসাব সম্পর্কিত

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর  
২০০২-২০০৩ সালের নিরীক্ষা প্রতিবেদন

প্রথম খন্ড

---

{গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত}

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এগ্যাডিশনাল ফাংশন এ্যাক্ট ১৯৭৪ সনের ২৪ নম্বর আইন) এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

.....বঃ  
তারিখঃ ০৩/১২/১৪১১  
.....প্রিঃ  
১৭/৩/২০০৫

**শাকরিত**  
(আসিফ আলী)

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল  
বাংলাদেশ

## মহাপরিচালকের মন্তব্য

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনা, নৌ, বিমান ও আন্তঃ বাহিনীসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ কর্তৃক সম্পাদিত কাজের পর্যালোচনাপূর্বক ক্ষয়-ক্ষতির পরিমাণ ও অনিয়মসমূহ সরকারের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য ছিল। প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, হিসাব রক্ষণে অনিয়ম, রাজস্ব আয় নির্ধারিত খাতে জমা না করা, অর্থ আদায়/কর্তন সংক্রান্ত দায়িত্ব পালনে ব্যর্থতা, বিধি বিধান প্রতিপালনে অজ্ঞতা/অদক্ষতা ইত্যাদি কারণে অনিয়মসমূহ সংঘটিত হয়েছে। সার্বিক বিবেচনায় প্রতিরক্ষা সার্ভিসেসের বিভিন্ন ইউনিট ফরমেশন এবং প্রতিষ্ঠানসমূহে সরকারী বিধি বিধান প্রতিপালনে উর্ধ্বতন কর্তৃপক্ষের আরও তদারকি প্রয়োজন।

তারিখ: ০১/১২/১৪১১ ব:  
১৫/৩/২০০৫ প্রি:

**স্বাক্ষরিত**  
(মোঃ মুইজুল শাহান খান)  
মহাপরিচালক  
প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

## নিরীক্ষা বিষয়ক তথ্য

- নিরীক্ষিত প্রতিষ্ঠান: সেনা, নৌ, বিমান ও আন্তঃ বাহিনীর বিভিন্ন ইউনিট সমূহ
- নিরীক্ষার প্রকৃতি: সাধারণ বার্ষিক নিরীক্ষা
- নিরীক্ষার বৎসর: ২০০২-২০০৩
- নিরীক্ষা কৌশল: স্থানীয় যাচাই নিরীক্ষা
- নিরীক্ষা দল সংখ্যা: ১৭টি
- নিরীক্ষা সমন্বয়কারী: মহাপরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর।

## আর্থিক অনিয়মের অডিট ফাইন্ডিংস

অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম	জড়িত টাকা
১	২	৩
	<b>বাংলাদেশ সেনাবাহিনী</b>	
১	বিধি বহির্ভূতভাবে পাবলিক ফান্ডের বিভিন্ন খাতের অব্যয়িত টাকা অর্থ বৎসরের শেষ দিনে সমর্পন না করে পরবর্তী অর্থ বৎসরে খরচ।	২৬,৮৯,৪৮০
২	সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও সিডিউল বিক্রয় না করায় সরকারের ক্ষতি।	৬,৫৪,৫৫০
	<b>বাংলাদেশ বিমান বাহিনী</b>	
৩	এয়ারম্যান ড্রাইভার এবং অস্থায়ী কর্মচারীদেরকে বর্ধিত বেতন ও তার উপর বাড়িভাড়া ভাতা পরিশোধ করায় সরকারের ক্ষতি।	২৭,৫১,৮৪২
৪	বিমান বাহিনীতে লোক ভর্তির আবেদন ফরমের ব্যাংক ড্রাফট/পে- অর্ডার এর প্রাপ্ত টাকা সরকারী কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি।	১৭,৬৮,৫৪৫
৫	অবাস্তব দর গ্রহণ এবং অসম্পূর্ণ চুক্তিপত্র সম্পাদন	
	<b>বাংলাদেশ নৌ বাহিনী</b>	
৬	Money in Lieu of Ration (MLR) গ্রহণকৃত নাবিকদের অনিয়মিতভাবে ভর্তুকী দরে রেশন সামগ্রী প্রদান করায় সরকারের ক্ষতি।	৫,৪২,৪৯৭
	<b>আন্তঃ বাহিনী</b>	
৭	সরবরাহকারী কর্তৃক মান সম্পন্ন গুঁড়াদুধ প্রতিস্থাপন না করায় সরকারের ক্ষতি।	১,২৯,৮১,৫৮৭
৮	স্বল্প সময়ের ব্যবধানে একই ঠিকাদারের সাথে অতিরিক্ত মূল্যে চুক্তি সম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি।	৩৬,৭৯,৮৯০
৯	ঝুঁকি ক্রয়ে (Risk Purchase) অতিরিক্ত ব্যয়িত অর্থ ব্যর্থ সরবরাহকারীর নিকট হতে আদায় না করায় ক্ষতি।	১৩,৩৩,০০০
	<b>সামরিক প্রকৌশলী</b>	
১০	টেন্ডার সিডিউলের বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি।	৪০,৪১,৬০০
১১	Fancy type foreign tiles সরবরাহ ও লাগানো দেখিয়ে ষ্টার রেইট এর মাধ্যমে বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি।	২৩,১১,৬৫১
	মোট=	৩,২৭,৫৪,৬৪২

## অনিয়ম ও ক্ষতি সমূহের কারণ

- বিধিবদ্ধ আইন-কানুন অনুসরণ না করা;
- অর্থ মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয় ও প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আদেশ-নির্দেশ প্রতিপালন না করা;
- রাজস্ব আয় সরকারী কোষাগারে জমা না হওয়া;
- উদ্বৃত্ত মালামাল হিসাবভুক্ত না করা;
- সিডিউলভুক্ত আইটেমের জন্য ষ্টার রেইট নির্ধারণ করা।

## ম্যানেজমেন্ট ইস্যু

- সরকারী বিধি বিধান সম্পর্কে সম্যক ধারণা না থাকা;
- যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করা;
- কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকা;
- অর্থ আদায়/কর্তন সংক্রান্ত দায়িত্ব পালনে ব্যর্থতা।

## সুপারিশ

- প্রতিবেদনে অন্তর্ভুক্ত সকল অনিয়মের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত টাকা আদায়;
- সরকারী বিধি বিধান পরিপালনে যত্নবান হওয়া;
- আয়লক্ষ অর্থ সরকারী কোষাগারে জমা নিশ্চিত করা;
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা;
- সকল চুক্তির শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা।